গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাঁশখালী , চট্টগ্রাম
তথ্য বাতায়ন-unobanskhali@mopa.gov.bd

স্মারক নং-০০.৫১৭.০০০.০০.১৪.০০৮.২০১৮-১২৪ তারিখ ঃ ১৫/০২/২০১৮ খ্রিঃ

# হাট/বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে,সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা ২০১১ এবং স্থানীয় সরকার বিভাগের প্রশাসন-২ শাখার ১লা মার্চ,২০১৬ খ্রিষ্টাব্দের ৪৬.০৪১.০৩০.১৯.০০.২০১০(অংশ-১).৮৮ নং স্মারক মোতাবেক এ উপজেলাধীন নিম্নবর্ণিত হাট/বাজার সমূহ ১৪২৫ বাংলা সনের জন্য (১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত) ইজারা প্রদানের নিমিত্তে আগ্রহী দরপত্র দাতাদের নিকট হইতে নির্ধারিত দরপত্র ফরমে সীল মোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাইতেছে। দরপত্রের সিডিউল সমূহ নিম্নে উল্লিখিত তারিখ ও সময়সূচি (ক্যালেন্ডার) অনুযায়ী অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসকের কার্যালয়(স্থানীয় সরকার শাখা) চট্টগ্রাম,সহকারী কমিশনার(ভূমি),বাঁশখালী,চট্টগ্রাম,অফিসার ইন চার্জ, বাঁশখালী থানার কার্যালয়, সোনালী ব্যাংক লিঃ, বাঁশখালী শাখা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হইতে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাইবে।

দরপত্রসমূহ নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী জেলা প্রশাসকের কার্যালয়(স্থানীয় সরকার শাখা) চট্টগ্রাম, সহকারী কমিশনার(ভূমি), বাঁশখালী এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে সকাল ৯.০০ ঘটিকা হতে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত গ্রহণ করা হইবে এবং ঐদিন বেলা ২.০০ ঘটিকায় উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে। উল্লেখ্য যে, পর্যায়ক্রমে ইজারাকৃত হাট-বাজারের দরপত্র ফরম /সিডিউল পরবর্তীতে বিক্রি করা হইবে না।

দরপত্র বিক্রি, গ্রহণ ও খোলার তারিখ (ক্যালেন্ডার)

| পর্যায় | দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ দিন ও সময় | দরপত্র দাখিলের শেষদিন ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম পর্যায় | ০৫/০৩/২০১৮ খ্রিঃ রোজ সোমবার সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত | ০৬/০৩/২০১৮ খ্রিঃ রোজ মঙ্গলবার বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত | ০৬/০৩/২০১৮ খ্রিঃ রোজ মঙ্গলবার বেলা ২.০০ ঘটিকা |
| ২য় পর্যায় | ১৪/০৩/২০১৮ খ্রিঃ রোজ বুধবার সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত | ১৫/০৩/২০১৮ খ্রিঃ রোজ বৃহস্পতিবার বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত | ১৫/০৩/২০১৮ খ্রিঃ রোজ বৃহস্পতিবার বেলা ২.০০ ঘটিকা |
| ৩য় পর্যায় | ২১/৩/২০১৮ খ্রিঃ রোজ বুধবার সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত | ২২/০৩/২০১৮ খ্রিঃ রোজ বৃহস্পতিবার বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত | ২২/০৩/২০১৮ খ্রিঃ রোজ বৃহস্পতিবার বেলা ২.০০ ঘটিকা |
| ৪র্থ পর্যায় | ০১/০৪/২০১৮ রোজ রবিবার সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত | ২/৪/২০১৮ খ্রিঃ রোজ সোমবার বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত | ২/৪/২০১৮ খ্রিঃ রোজ সোমবার বেলা ২.০০ ঘটিকা |

| ক্রমিক নং | হাট/বাজারের নাম ও অবস্থান | ১৪২৫ বাংলা সনের জন্য কাঙ্খিত সরকারি মুল্য (বিগত ৩ বছরের গড় মূল্যের উপর ১০% বৃদ্ধিসহ) | দরপত্র/ সিডিউলের মুল্য |
|---|---|---|---|
| ০১ | মোঃ আলী ফকির হাট , পুকুরিয়া ইউ,পি | ২,০৪,০০৩/- | ১,২০০/- |
| ০২ | ষষ্ঠি বৈদ্যের হাট, পুকুরিয়া ইউ,পি | ৯৭,৬৪৪/- | ৫০০/- |
| ০৩ | সাহেবের হাট, সাধনপুর ইউ,পি | ৯৫.১৭৯/- | ৫০০/- |
| ০৪ | বৈলগাঁও বাজার, সাধনপুর ইউ,পি | ২,৮৪,১৬৮/- | ১২০০/- |
| ০৫ | খানখানাবাদ বাজার , খানখানাবাদ ইউ,পি | ১,৮১৫/- | ৫০০/- |
| ০৬ | কদমরসুল বাজার, খানখানাবাদ ইউ,পি | ১৭,০৫০/- | ৫০০/- |
| ০৭ | ঈশ্বর বাবুর হাট, খানখানাবাদ ইউ,পি | ১১,৯৫৬/- | ৫০০/- |
| ০৮ | বশির উল্লাহ মিয়াজির বাজার, বাহারছড়া ইউ,পি | ৩,৮৭,৬৪০/- | ১৪০০/- |
| ০৯ | মশরফ আলী মিয়াজির বাজার, বাহারছড়া ইউ,পি | ২,০২,০৩৪/- | ১,২০০/- |
| ১০ | রামদাশ মুন্সির হাট, কালীপুর ইউ,পি | ৩৪,৩২,০০০/- | ৭,৬০০/- |
| ১১ | সদর আমিন হাট, কালীপুর ইউ,পি | ৭,১২,০৬৮/- | ২,২০০/- |
| ১২ | হাজী খানবাহাদুর বাজার, বৈলছড়ি ইউ,পি | ১৮,০৩,৫৯৮/- | ৪,৪০০/- |
| ১৩ | চুনতি বাজার , কাথারিয়া ইউ,পি | ২৮,১৪৩/- | ৫০০/- |
| ১৪ | বরইতলী বাজার, কাথারিয়া ইউ,পি | ১৭,৪১৮/- | ৫০০/- |
| ১৫ | মালকাবানু বাজার, সরল ইউ,পি | ১,৭৬,৪০৪/- | ১,০০০/- |
| ১৬ | মুন্সি আজিজ মিয়ার হাট, সরল ইউ,পি | ২৮,০৯৯/- | ৫০০/- |
| ১৭ | মনকিরচর বাজার, শীলকূপ ইউ,পি | ৫,৭৮,৩৪৩/- | ১,৮০০/- |
| ১৮ | গন্ডামারা বাজার, গন্ডামারা ইউ,পি | ৫৩,০৩৯/- | ৫০০/- |
| ১৯ | বারইয়ার হাট ও গোলাম গজের হাট, চাম্বল ইউ,পি | ২৪,১৫,২৩৪/- | ৫,৬০০/- |
| ২০ | বাংলা বাজার , চাম্বল ইউ,পি | ১,৫৫,০৮৪/- | ১,০০০/- |
| ২১ | ছনুকাজীর হাট , পুঁইছড়ি ইউ,পি | ১১,৮০,১১৮/- | ৩,০০০/- |
| ২২ | বহদ্দার হাট, পুঁইছড়ি ইউ,পি | ৭৫,৯০০/- | ৫০০/- |
| ২৩ | সোলেমান চৌধুরী হাট, পুঁইছড়ি ইউ,পি | ৮৮,২০৩/- | ৫০০/- |
| ২৪ | মৌলভী বাজার, শেখেরখীল ইউ,পি | ১,১২,৯৩৪/- | ১,০০০/- |
| ২৫ | সরকার হাট, শেখেরখীল ইউ,পি | ৬০,১৭৮/- | ৫০০/- |
| ২৬ | ছনুয়া মনু মিয়াজির বাজার, ছনুয়া ইউ,পি | ২,০৩,০৯৯/- | ১,২০০/- |

[ অস্থায়ী বাজার ঃ

| ক্রমিক নং | হাট/বাজারের নাম ও অবস্থান | সরকারী সম্ভাব্যমূল্য | দরপত্রের/সিডিউলের মূল্য |
|---|---|---|---|
| ০১ | চাঁনপুর সকাল বাজার, পুকুরিয়া ইউ,পি | ৫২,৬১৮/- | ৫০০/- |
| ০২ | পুকুরিয়া চৌমহনী বাজার, পুকুরিয়া ইউ,পি | ৪৪৩৬৮/ | ৫০০/- |
| ০৩ | খানখানাবাদ ইউ,পি সংলগ্ন বাজার (সেন্টার পুকুর পাড়) | ৩৭৫০/- | ৫০০/- |
| ০৪ | গুনাগরী বাজার , কালীপুর ইউ,পি | ১৩,৮৬,৬২৭/ | ৩,৪০০/- |
| ০৫ | চেচুরিয়া বাজার, বৈলছড়ি ইউ,পি | ২,০২,২৯০/- | ১,২০০/- |
| ০৬ | কাথারিয়া নতুন বাজার, কাথারিয়া ইউ,পি | ৯০,৭৫০/- | ৫০০/- |
| ০৭ | খালাইশ্যা পাড়া বাজার, সরল ইউ,পি | ১,৫৮,০৭০/- | ১,০০০/- |
| ০৮ | সরল নতুন বাজার, সরল ইউ,পি | ১০,৮০৮/- | ৫০০/- |
| ০৯ | টাইম বাজার, শীলকূপ ইউ,পি | ৯,০৮,৯৬৯/- | ২৬০০/- |
| ১০ | চাম্বল মিয়ার বাজার, চাম্বল ইউ,পি | ১,২৯,৪৭০/- | ১,০০০/- |
| ১১ | গন্ডামারা সকাল বাজার, গন্ডামারা ইউ,পি | ৯,১৩,৩৬৯/- | ২,৬০০/- |
| ১২ | প্রেম বাজার, পুঁইছড়ি ইউ,পি | ৩,০৮,০০০/- | ১,৪০০/- |
| ১৩ | আবদুল্লাহর দোকান , ছনুয়া ইউ,পি | ২৭,৫৩৯/- | ৫০০/- |

১৪২৫ বাংলার সনের হাট/বাজার ইজারার শর্তাবলী ঃ

০১। বাংলা ১৪২৫,১লা বৈশাখ হতে ১৪২৫ সনের ৩০শে চৈত্র ০১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হইবে।

০২। দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলি ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার , বাঁশখালী, চট্টগ্রাম এর অনুকুলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারামুল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করিলে বা অন্য কোন ক্ষতিসাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পন করা হইবে।

০৩। যাহার দর গৃহীত হইবে,দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর ৫% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ০৩(তিন) বৎসরের গড় ইজারামূল্য (সরকারী মূল্য) হইতে কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে।দ্বিতীয়বার দরপত্র আহবান সত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী তিন বৎসরের গড় ইজারামুল্য হইতে কম হয় তাহা হইলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকিবে।

০৫। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।

০৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

০৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করিবেন।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবেন না।যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় ।অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহা হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে।

১০। ইজারার সম্পূর্ণ অর্থ(ভ্যাট,আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ২৫০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারাচুক্তি সম্পাদন করিতে হইবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখিবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করিবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা,কাটাকাটি,লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাইবে ।

১৮। সময়ে সময়ে সরকার কর্তৃক জারীকৃত প্রচলিত বিধিবিধান ইজারাদারকে মানিয়া চলিতে হইবে।

কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

মোহাম্মদ মাসুদুর রহমান মোল্লা
উপজেলা নির্বাহী অফিসার
বাঁশখালী, চট্টগ্রাম।
ফোন-০৩০৩৭-৫৬০০১

স্মারক নং-০০.৫১৭.০০০.০০.১৪.০০৮.২০১৮-১২৪ তারিখ ঃ১৫/০২/২০১৮ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

০১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম ।
০২। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ,চট্টগ্রাম।
০৩। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
০৪। পুলিশ সুপার, চট্টগাম।
০৫। উপ-পরচালক, স্থানীয় সরকার, চট্টগাম।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঁশখালী, চট্টগ্রাম।
০৭। মেয়র, বাঁশখালী পৌরসভা, বাঁশখালী, চট্টগ্রাম।
০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বাঁশখালী, চট্টগ্রাম।
০৯। সহকারী কমিশনার(ভূমি), বাঁশখালী, চট্টগ্রাম
১০। অফিসার ইন চার্জ , বাঁশখালী থানা, চট্টগ্রাম।
১১। ম্যানেজার, সোনালী ব্যাংক লিঃ, বাঁশখালী, চট্টগ্রাম।
১২। উপজেলা ..........................................কর্মকর্তা, বাঁশখালী, চট্টগ্রাম। বহুল প্রচারের জন্য।
১৩। চেয়ারম্যান.....................................ইউ,পি(সকল), বাঁশখালী, চট্টগ্রাম। উপরোক্ত বিজ্ঞপ্তিটি তার এলাকায় বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো ।
১৪। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক..............................পত্রিকা, চট্টগ্রাম। উপরোক্ত বিজ্ঞপ্তিটি আগামী .............................. তারিখের মধ্যে তাঁর বহুল প্রচারিত দৈনিক পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে একবার প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,.................................ইউনিয়ন ভূমি অফিস, বাঁশখালী, চট্টগ্রাম। হাট/বাজার ইজারার বিজ্ঞপ্তিখানা তার আওতাধীন বাজারে ঢোল শহরতের মাধ্যমে ব্যাপক প্রচার পূর্বক এককপি এস,আর প্রেরনের জন্য বলা হলো।
১৬। জনাব ..............................................প্রাক্তন ইজারাদার,......................................বাজার, বাঁশখালী, চট্টগ্রাম।
১৭। ...................................................................
১৮। নোটিশ বোর্ড।

মোহাম্মদ মাসুদুর রহমান মোল্লা
উপজেলা নির্বাহী অফিসার
বাঁশখালী, চট্টগ্রাম।
ফোন-০৩০৩৭-৫৬০০১